গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এসইডিপি/ এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৮৭ তারিখ: ২৪.০৫.২০২৬ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ ও একাদশ শ্রেণিতে তথ্য এন্ট্রির লক্ষ্যে যে সকল শিক্ষার্থীর পিতা/মাতার মৃত্যুজনিত/ বিবাহ বিচ্ছেদ জনিত কারণে পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র (NID) নেই HSP-MIS এ তাদের এন্ট্রি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় যে সকল শিক্ষার্থীর পিতা এবং মাতার মধ্যে যে কোন একজন অথবা পিতা ও মাতা উভয়ের মৃত্যু/ বিবাহ বিচ্ছেদ জনিত কারণে NID না থাকলে এরূপ শিক্ষার্থীদের ৬ষ্ঠ ও ১১শ বা সমমান শ্রেণিতে উপবৃত্তির জন্য তথ্য এন্ট্রির কার্যক্রম আগামী ০২.০৬.২০২৬ খ্রি. তারিখ থেকে শুরু করে ০৬.০৬.২০২৬ খ্রি. তারিখের মধ্যে HSP-MIS সফটওয়্যারে নির্ভুলভাবে এন্ট্রি করে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে (USEO তে পাঠান) উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ তথ্য এন্ট্রি এবং প্রেরণ সুবিধাটি ০৬.০৬.২০২৬ তারিখ রাত ১০ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

০২। সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কে উপজেলা/মেট্রোপলিটন পর্যায়ে গঠিত উপদেষ্টা কমিটির সভা আয়োজন পূর্বক HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে উপজেলা/থানায় প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি যাচাই-বাছাই করে সুপারিশকৃত শিক্ষার্থীদের তথ্য আগামী **০৭/০৬/২০২৬** তারিখের মধ্যে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে HSP/PMEAT-এ প্রেরণ করতে হবে।

০৩। শিক্ষার্থীর পিতা/মাতার মৃত্যুজনিত/বিবাহ বিচ্ছেদ জনিত কারণে অভিভাবকের NID নিষ্ক্রিয়/ NID নম্বর প্রদান করা করা সম্ভব না হলে সেক্ষেত্রে HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি ফরমে শুধু পিতা অথবা মাতার NID থাকলে HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি ফরমে পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্র (NID) এন্ট্রি করে পিতা অথবা মাতা কে অভিভাবক হিসাবে নির্বাচন করে এন্ট্রি কার্যক্রম সম্পন্ন করতে হবে। পিতা ও মাতা উভয়ই মৃত হলে সেক্ষেত্রে তাদের NID নম্বর প্রদান করা সম্ভব না হলে অভিভাবকের তথ্যে আপন ভাই-বোন, দাদা-দাদি,নানা-নানি কে অভিভাবক হিসাবে নির্বাচন করে শিক্ষার্থীর নিজ নামীয় স্কুল ব্যাংকি একাউন্ট ব্যবহার করতে হবে। এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীর পিতা ও মাতার মৃত্যু/ বিবাহ বিচ্ছেদ জনিত কারণে NID না থাকার প্রত্যয়নপত্র প্রদান করবেন এবং উক্ত প্রত্যয়নপত্র Attachment হিসাবে HSP-MIS সফটওয়্যারে Upload করতে হবে। উল্লেখ্য, শিক্ষার্থীর পিতা/মাতার মৃত্যুজনিত/বিবাহ বিচ্ছেদ জনিত কারণ ব্যতিত অন্য কোন কারণে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করা হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান বহন করবে।

০৪। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ এতদসংক্রান্ত সকল কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

০৫। হেল্প লাইন নম্বর: অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত (মোবাইল নং- ০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯) যোগাযোগ এবং এন্ট্রিকালীন সময়ে কোন সমস্যার উদ্ভব হলে উক্ত সমস্যার Screenshot নিয়ে বর্ণিত দুইটি নম্বরের যেকোন একটি নম্বরে Whatsapp Message প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২৪/০৮/২৫

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। জাতীয় কর্মসূচি পরিচালক, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ।
০৮। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।
০৯। সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সকল) উপজেলা।
১৩। জেলা শিক্ষা অফিসার, (সকল) জেলা।
১৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
১৫। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
১৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির অপশন চালু করার অনুরোধসহ)।